## আমরণ অনশনে তিতুমীর কলেজের শিক্ষার্থীরা

## অনলাইন রিপোর্টার

প্রকাশিত: ০৪:২৩, ৩০ জানুয়ারি ২০২৫



আমরণ অনশনে বসেছে রাজধানীর তিতুমীর কলেজের শিক্ষার্থীরা

সাত দফা দাবিতে আমরণ অনশনে বসেছে রাজধানীর তিতুমীর কলেজের শিক্ষার্থীরা। তাদের দাবি, বিশ্ববিদ্যালয় প্রশাসন গঠন করে ২৪-২৫ সেশনের ভর্তি কার্যক্রম শুরু করতে হবে। অবিলম্বে শিক্ষার্থীদের শতভাগ আবাসন ব্যবস্থা নিশ্চিত করা অথবা শতভাগ শিক্ষার্থীদের আবাসিক খরচ বহন করার দাবি তাদের।

বুধবার (২৯ জানুয়ারি) সন্ধ্যায় কলেজের সামনে এ আমরণ অনশনে বসে তারা।

প্রসঙ্গত, সরকারি তিতুমীর কলেজকে তিতুমীর বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের দাবিতে বিগত ২৮ বছর ধরে আন্দোলন করছেন কলেজটির শিক্ষার্থীরা। সেই ধারাবাহিকতায় ২০২৪ সালের ৫ আগস্টের সরকারের পটপরিবর্তনের পর শিক্ষার্থীরা আবারও নতুন করে তিতুমীর বিশ্ববিদ্যালয় করার দাবিতে রাষ্ট্রপতি, প্রধান উপদেষ্টাসহ রাষ্ট্রের বিভিন্ন মন্ত্রণালয়ে উপস্থাপন করেন তারা।